



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৬.২০২০/২০/৬

তারিখঃ

১৭/০৯/১৪২ বঙ্গাব্দ
০৩/০১/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন হোসেনপুর ডিগ্রি কলেজের একজন কর্মচারীর অনলাইনে রেজিস্ট্রেশন ও অনলাইন আবেদনের যাবতীয় তথ্য সংশোধনের আবেদন।

সূত্র: ১. আঞ্চলিক পরিচালকের স্মারক নং-মাউশিরং/সেসিপ/২০২১/৮২০; তারিখ: ৩০/০৯/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন হোসেনপুর ডিগ্রি কলেজের ল্যাব সহকারী (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) জনাব মো: পায়েল ইসলাম-এর ইএমআইএস মডিউলে পূর্বের রেজিস্ট্রেশন বাতিলের আবেদন করেছেন। বর্ণিত বিষয়ে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে কাম্য যোগ্যতা না থাকা সত্ত্বেও উক্ত কলেজের জনাব মো: পায়েল ইসলাম-কে ল্যাব সহকারী (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে নিয়োগ প্রদান করা এবং এমপিওভুক্তির আবেদন প্রেরণ প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত প্রত্যেকের ব্যাখ্যা সংগ্রহপূর্বক মাউশি অধিদপ্তরে প্রেরণ করার জন্য এবং ল্যাব সহকারী (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে কাম্য যোগ্যতাবিহীন ব্যক্তিকে নিয়োগই যেহেতু সঠিক নয় তথাপি উক্ত পদ থেকে পদত্যাগ কিভাবে সঠিক হলো তার সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AC/2022/2.1.22

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

হোসেনপুর ডিগ্রি কলেজ

খানসামা, দিনাজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, হোসেনপুর ডিগ্রি কলেজ, খানসামা, দিনাজপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৫। জনাব -----, প্রভাষক -----, হোসেনপুর ডিগ্রি কলেজ, খানসামা, দিনাজপুর।
- ৬। সংরক্ষণ নথি।